



মায়েদের মেকওভার নিয়ে কিছু কথা

কসমেটিক চিকিৎসায় ‘মাস্মি মেক ওভার’ একটি পরিচিত নাম। মা হওয়ার পরে মহিলাদের শরীরের বিভিন্ন অবাস্তিত পরিবর্তনকে দূর করার বিভিন্ন প্রসিডিওরকে একসঙ্গে মাস্মি মেকওভার বলা হয়। এই বিষয়ে জানালেন বিশিষ্ট প্লাস্টিক ও কসমেটিক সার্জন **ডা. অনির্বাণ ঘোষ**।

প্রশ্ন : মাস্মি মেকওভার বলতে ঠিক কি বোঝায় ?

ডা. ঘোষ : মা হওয়ার পর মহিলাদের শরীরে বিভিন্ন ধরনের পরিবর্তন আসে— ত্বক শিথিল হয়, পেটে স্ট্রেচ মার্ক দেখা দেয়, বাড়তি মেদ জমে, স্তনের গঠনে বদলে যায়। ‘মাস্মি মেক ওভার’ কসমেটিক ট্রিটমেন্টের একটি পরিচিত পরিভাষা। ‘ব্রেস্ট লিফটিং’ বা শিথিল স্তনকে দৃঢ় করা, লেসারের সাহায্যে পেটের স্ট্রেচ মার্ক দূর করা, ব্যায়াম বা ডায়েটের সাহায্যে দূর না হওয়া শরীরের অবাস্তিত বাড়তি মেদ দূর করার মতো এক গুচ্ছ সার্জিকাল ও নন সার্জিকাল প্রসিডিওরকে একত্রে ‘মাস্মি মেক ওভার’ বলা হয়। অনেক তরুণী মা শারীরিক পরিবর্তন মেনে নিতে পারেন না, আত্মবিশ্বাসের অভাব ও হীনমন্যতায় ভোগেন। শুধু পুরান রূপ নয় মায়েদের আত্মবিশ্বাস ফিরে পেতেও ‘মাস্মি মেক ওভার’ সাহায্য করে। আবার মধ্য বয়সে বা মেনপাসের পরে ‘মাস্মি মেক ওভার’ করে মহিলারা এই সব প্রসিডিওরের সঙ্গে রিংকল, মেচেতা বা কাল দাগের মতো সমস্যা দূর করে পুরান রূপ ফিরে পেতে পারেন।

প্রশ্ন : এই ট্রিটমেন্টে কি পেটের স্ট্রেচ মার্ক দূর হয়? মা হওয়ার কতদিন পরে এই ধরনের চিকিৎসা করা যেতে পারে?

ডা. ঘোষ : অবশ্যই এই চিকিৎসায় পেটের স্ট্রেচ মার্ক দূর হয়। অনেক সময় এজন্য লেসার থেরাপির সাহায্য নেওয়া হয়। তাছাড়া শুরুতে ‘টামি টাক’ বা অ্যাবডোমিনোপ্লাস্টির মতো প্রসিডিওরের সাহায্যে পেটের শিথিল ত্বককে দৃঢ় করে নেওয়া হয়।

সাধারণত বাচ্চা হওয়ার অন্তত ছয় মাস পর থেকে ‘মাস্মি মেক ওভার’ এর প্রসিডিওরগুলি শুরু করা উচিত। কারণ নতুন মায়েদের সম্পূর্ণ সুস্থ ও স্বাভাবিক হতে যেমন প্রায় ছয় মাস সময় লাগে। ঠিক তেমনই শারীরিক পরিবর্তনগুলিও এই সময়ের মধ্যে একটি নির্দিষ্ট সীমায় পৌঁছায়।

প্রশ্ন : এই ট্রিটমেন্টে বাড়তি মেদ দূর করা হয়?

ডা. ঘোষ : পেটের মতো শরীরের নির্দিষ্ট কোন অংশে মেদ জমলে

সেই বাড়তি মেদ ‘লাইপো সাকশন’ পদ্ধতিতে বার করে দেওয়া হয়।

প্রশ্ন : ‘মাস্মি মেক ওভার’ এর পরে কি দ্বিতীয়বার সন্তান লাভে অসুবিধা হয়?

ডা. ঘোষ : না এই ধরনের চিকিৎসার পরে কনসিভ করতে কোন বাধা নেই। তবে আবার মা হওয়ার পরে আগের মেকওভার নষ্ট হয়ে যেতে পারে। তখন দ্বিতীয় বার আবার একই চিকিৎসার প্রয়োজন পড়ে। তাই আমরা পরিবারের বৃত্ত সম্পূর্ণ করার পর এই জাতীয় কসমেটিক ট্রিটমেন্ট করতে বলি।

প্রশ্ন : এই ধরনের কসমেটিক সার্জারি খুব যন্ত্রণাময়?



ডা. ঘোষ : প্রসিডিওরগুলি করার সময় প্রয়োজন মতো লোকাল বা জেনেরেল অ্যানাস্থেশিয়া করা হয়। অপারেশনের পরে ব্যথা বা যন্ত্রণা কমানোর ওষুধ দেওয়া হয়। সাধারণত কয়েক দিনের মধ্যেই এই ব্যথা চলে যায়।

প্রশ্ন : মাস্মি মেকওভারের পর স্বাভাবিক জীবনে ফিরতে কতদিন সময় লাগে?

ডা. ঘোষ : রোগী কতগুলি প্রসিডিওর করছেন বা এক সঙ্গে করেছেন তারপরেই তাঁর সেরে ওঠা নির্ভর করে। যেমন ব্রেস্ট অগমেন্টেশনের পর স্বাভাবিক হয়ে উঠতে সাধারণত এক সপ্তাহ সময় লাগে। অন্যদিকে অ্যাবডোমিনোপ্লাস্টির পর শরীরকে অন্তত তিন সপ্তাহ বিশ্রাম দিতে হয়।

HELPLINE

6289-109687 / 62898 67522

anirban20@gmail.com

relation001@gmail.com